



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/মুন্সীগঞ্জ-৩২/ ৬০৫৮৫

তারিখঃ ৩০.০৭.২০১৮খ্রিঃ

বিষয়ঃ সমর্থনীয় কাগজপত্রসহ লিখিত ব্যাখ্যা দাখিলকরণ প্রসঙ্গে।


সূত্রঃ স্মারক নং- ০৫.৩০.৫৯০০.২১১.০৩.০১৬.১৮-৩০১(সং); তারিখঃ ২৩ মে ২০১৮খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, মুন্সীগঞ্জ জেলার সদর উপজেলাধীন মুন্সীগঞ্জ আদর্শ আলিম মাদ্রাসার অধ্যক্ষ জনাব মাহবুবুর রহমান এর বিরুদ্ধে ৯ম শ্রেণির এক ছাত্রের অভিভাবক নারী ও শিশু আইনে এক মামলা দায়ের করেন। মামলার প্রেক্ষিতে পুলিশ তাঁকে গ্রেফতার করে জেল হাজতে প্রেরণ করেন। এ বিষয়ে জেলা শিক্ষা অফিসার, মুন্সীগঞ্জ গত ০৬/০৩/২০১৮ তারিখের নং- ডিইও/মুন্সীগঞ্জ/২০১৮/১৫৯৯ স্মারক পত্রে অধ্যক্ষকে সাময়িক বরখাস্ত করার জন্য মাদ্রাসার গভার্ণিং বডি'র সভাপতি পত্র দেয়া হয়। পত্রের প্রেক্ষিতে গভার্ণিং বডি কোন ব্যবস্থা গ্রহণ না করায় গভার্ণিং বডি'র সভাপতি ও অধ্যক্ষ জনাব মাহবুবুর রহমানের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জেলা প্রশাসক, মুন্সীগঞ্জ সূত্রে উল্লিখিত স্মারকে অত্র বোর্ডে পত্র প্রেরণ করেছেন (কপি সংযুক্ত)।

বর্ণিত অবস্থায় জেলা প্রশাসক, মুন্সীগঞ্জ কর্তৃক প্রেরিত পত্রের বিষয়ে আগামী ১০ (দশ) কর্মদিবসের মধ্যে গভার্ণিং বডিকে সভাপতির মাধ্যমে ও অধ্যক্ষকে সমর্থনীয় কাগজপত্রসহ সুস্পষ্ট লিখিত ব্যাখ্যা নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক ০২... (১৫৬...) পাতা।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে


30.7.18

প্রফেসর মোঃ মজিবুর রহমান

রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ ১) সভাপতি ও সদস্যবৃন্দ- গভার্ণিং বডি, মুন্সীগঞ্জ আদর্শ আলিম মাদ্রাসা, সদর, মুন্সীগঞ্জ।

২) অধ্যক্ষ, মুন্সীগঞ্জ আদর্শ আলিম মাদ্রাসা, সদর, মুন্সীগঞ্জ।

নং-বামাশিবো/প্রশাসন/মুন্সীগঞ্জ-৩২/

তারিখঃ .০৭.২০১৮খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ

১. জেলা প্রশাসক, মুন্সীগঞ্জ।
২. উপজেলা নির্বাহী অফিসার, সদর, মুন্সীগঞ্জ।
৩. জেলা শিক্ষা অফিসার, মুন্সীগঞ্জ।
৪. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
৫. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬৭৪৮৭৪

পত্রসংখ্যা: ২০৪০
২০/০৫/১৮
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, মুন্সীগঞ্জ
(শিক্ষা শাখা)
www.munshiganj.gov.bd

৪৫৫
৭/৫/১৮

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
চেয়ারম্যান মহোদয়ের দপ্তর

জারীরি নং:	
তারিখ:	
স্বাক্ষর:	
স্বাক্ষর: নিয়ন্ত্রক	
পরিদর্শক	
কর্মসম্পন্ন/হিরক	
উপস্থিত/প্রশাসক/কমন	
২০/০৫/১৮	
২৩/০৫/১৮	
অনিয়মের বিষয়ে	
জারীরি আলাপ করণ/ব্যবস্থা নি	

স্মারক নং- ০৫.৩০.৫৯০০.২১১.০৩.০১৬.১৮- ৬০২ (৩য়)

তারিখ:

বিষয়: মুন্সীগঞ্জ সদর উপজেলাধীন 'মুন্সীগঞ্জ আদর্শ মাদ্রাসা'র পরিচালনা কমিটি এবং অধ্যক্ষের বিভিন্ন অবহিতকরণ এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মুন্সীগঞ্জ সদর উপজেলাধীন 'মুন্সীগঞ্জ আদর্শ মাদ্রাসা'র পরিচালনা কমিটি এবং অধ্যক্ষের কার্যক্রমে বিভিন্ন অনিয়ম পরিলক্ষিত হচ্ছে। প্রতিষ্ঠানের অধ্যক্ষ জনাব মাহবুবুর রহমানের বিরুদ্ধে ৯ম শ্রেণির এক ছাত্রের অভিভাবক নারী ও শিশু নির্যাতন আইনে এক মামলা দায়ের করেছেন (মামলা নং- ৫২ (২)/১৮)। মামলার অভিযোগে গত ২৪/০২/২০১৮ তারিখ পুলিশ তাকে গ্রেফতার করে জেল হাজতে প্রেরণ করে। বিএসআর পার্ট-১ এর ৭৩ নং বিধির নোট - (২) অনুযায়ী গ্রেফতারের দিন হতে তিনি সাময়িক বরখাস্ত হবেন। এ বিষয়ে জেলা শিক্ষা অফিসার, মুন্সীগঞ্জ গত ০৬/০৩/২০১৮ তারিখের ডিইও/মুন্সীগঞ্জ/২০১৮/১৫৯৯ নং স্মারক পত্রে অধ্যক্ষকে সাময়িক বরখাস্ত করার জন্য উক্ত প্রতিষ্ঠানের গভর্নিং বডি'র সভাপতির নিকট পত্র দেন। কিন্তু জেলা শিক্ষা অফিসারের পত্রের বিষয়ে গভর্নিং বডি কোন ব্যবস্থা গ্রহণ করেনি।

২। গত ১৯/০৩/২০১৮ খ্রিঃ তারিখ দুপুর ১২.৩০ টায় এ কার্যালয়ের অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) উক্ত প্রতিষ্ঠান আকস্মিক পরিদর্শন করেন। পরিদর্শনে গিয়ে দেখা যায়, অধ্যক্ষ জনাব মাহবুবুর রহমান জামিন পেয়ে পুনরায় প্রতিষ্ঠানে যোগদান করেছেন। কিন্তু চাকরির বিধান অনুযায়ী কোন কর্মচারী গ্রেফতারের পর বা আত্মসমর্পণের পর জামিনে মুক্তি লাভ করলেও তিনি সাময়িক বরখাস্ত হবেন। এ বিষয়ে গভর্নিং কমিটি কোন ব্যবস্থা গ্রহণ না করে সরকারি বিধি বিধানকে বৃদ্ধাঙ্গুলী প্রদর্শন করেছেন মর্মে প্রতীয়মান হচ্ছে। চাকরির বিধান লঙ্ঘন করে বরখাস্ত না হয়ে অধ্যক্ষ জনাব মাহবুবুর রহমান বর্তমান পদে এখনও কার্যক্রম চালাচ্ছেন। বিষয়টি এলাকার জনসাধারণের মধ্যে বিরূপ প্রতিক্রিয়া সৃষ্টি করছে।

৩। এমতাবস্থায়, মুন্সীগঞ্জ আদর্শ মাদ্রাসা'র গভর্নিং বডি'র সভাপতি ও অধ্যক্ষ জনাব মাহবুবুর রহমানের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

সায়লা ফারজান
২৩.০৫.২০১৮

(সায়লা ফারজান)

জেলা প্রশাসক

মুন্সীগঞ্জ

☎ : ৭৬১১১০০ ☎ : ৭৬১২০৭৭

✉ : dcmunshiganj@mopa.gov.bd

সচিব
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি সদয় অবগতির জন্য: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। কমিশনার, ঢাকা বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ৩। চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশিবাজার, ঢাকা।